

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থ বিভাগ  
উন্নয়ন অনুবিভাগ

অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৫২/৯৬/৩২০

পরিপত্র

১৯/৩/১৪০৪ বাং  
তারিখ :-  
০৩/০৭/১৯৯৭ইং

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, উন্নয়ন প্রকল্পে জনবল নিয়োগ, মেয়াদকাল, বেতন ইত্যাদি নির্ধারণের ব্যাপারে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :-

- (ক) বর্তমানে যে সকল প্রকল্পে স্কেলভিত্তিক পদে জনবল নিয়োগ করা হয়েছে তা বহাল রাখা যেতে পারে এবং যে সকল প্রকল্পে ইতিমধ্যে আংশিকভাবে জনবল স্কেলভিত্তিক পদে নিয়োগ প্রদান করা হয়েছে সে সকল প্রকল্পের অবশিষ্ট জনবল স্কেলভিত্তিক নিয়োগ প্রদান করা যেতে পারে।
- (খ) যে সকল প্রকল্পে আদৌ কোন জনবল নিয়োগ প্রদান করা হয় নাই সে সকল প্রকল্পে এবং ১লা জুলাই, ১৯৯৭ তারিখ হইতে সকল নতুন প্রকল্পের সমুদয় পদে সাকুল্যে বেতনে চুক্তিভিত্তিক কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিয়োগ প্রদান করা হবে। অর্থ বিভাগ জাতীয় বেতন স্কেল অনুসরণে গ্রেডভিত্তিক (২০টি), সাকুল্যে বেতন কাঠামো (Consolidated pay) কাঠামো নির্ধারণ করে দেবে (অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সাকুল্যে বেতন কাঠামো সংযোজনী 'ক' এ দেখা যেতে পারে)। তবে রাজস্ব বাজেটভুক্ত সহায়ী কর্মকর্তা/কর্মচারীগণ নিজ বেতনক্রমে লিয়েন সংরক্ষণ সাপেক্ষে প্রেষণে নিয়োগ লাভের যোগ্য হবেন।

২। উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট পিসিপি/পিপি প্রয়োজনীয় সংশোধন/প্রণয়ন করার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ সমূহকে অনুরোধ করা হলো।

স্বা/-

তারিখঃ ০৩/০৭/৯৭  
(মোঃ মোজাম্মেল হক)  
যুগ্ম-সচিব।  
ফোনঃ ৮৬৪৪৮৪  
বু : ৩৭৪৪

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব / মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়।
- ২। সচিব (সকল) মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। সদস্য, (সকল) পরিকল্পনা কমিশন।
- ৪। হিসাব মহা-নিয়ন্ত্রক, বাংলাদেশ।
- ৫। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।

অম/অবি/উঃবাঃ-১/বিবিধ-৫২/৯৬/৩২০

১৯/৩/১৪০৪ বাং  
তারিখ :-

০৩/০৭/১৯৯৭ইং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। অর্থ মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
- ২। মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ।

স্বা/-

তারিখঃ ০৩/০৭/৯৭  
(অরিজিৎ চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব।

## সাকুল্যে বেতন নির্ধারণী ছক

গ্রেড	প্রারম্ভিক বেতন	১০% বর্ধিত বেতন	মোট বেতন	বাড়ি ভাড়া	চিকিৎসা ভাতা	মোট সাকুল্যে বেতন
১	২	৩	৪	৫	৬	৭
গ্রেড নং-১	১০,০০০	১,০০০	১১,০০০	৪,৪০০	১৫০	১৫,৫৫০
গ্রেড নং-২	৮,৬০০	৮৬০	৯,৪৬০	৩,৭৮৪	১৫০	১৩,৩৯৪
গ্রেড নং-৩	৭,৮০০	৭৮০	৮,৫৮০	৩,৪৩২	১৫০	১২,১৬২
গ্রেড নং-৪	৭,১০০	৭১০	৭,৮১০	৩,১২৪	১৫০	১১,০৮৪
গ্রেড নং-৫	৬,৩০০	৬৩০	৬,৯৩০	২,৭৭২	১৫০	৯,৮৫২
গ্রেড নং-৬	৪,৮০০	৪৮০	৫,২৮০	২,৩৭৬	১৫০	৭,৮০৬
গ্রেড নং-৭	৪,১০০	৪১০	৪,৫১০	২,০৩০	১৫০	৬,৬৯০
গ্রেড নং-৮	৩,২০০	৩২০	৩,৫২০	১,৫৮৪	১৫০	৫,২৫৪
গ্রেড নং-৯	২,৮৫০	২৮৫	৩,১৩৫	১,৪১১	১৫০	৪,৬৯৬
গ্রেড নং-১০	২,৩০০	২৩০	২,৫৩০	১,২৫০	১৫০	৩,৯৩০
গ্রেড নং-১১	১,৭২৫	১৭৩	১,৮৯৮	৯৪৯	১৫০	২,৯৯৬
গ্রেড নং-১২	১,৫৫০	১৫৫	১,৭০৫	৮৫৩	১৫০	২,৭০৮
গ্রেড নং-১৩	১,৪৭৫	১৪৮	১,৬২৩	৮১১	১৫০	২,৫৮৪
গ্রেড নং-১৪	১,৩৭৫	১৩৮	১,৫১৩	৭৫৬	১৫০	২,৪১৯
গ্রেড নং-১৫	১,৩০০	১৩০	১,৪৩০	৭১৫	১৫০	২,২৯৫
গ্রেড নং-১৬	১,২০০	১২০	১,৩২০	৬৬০	১৫০	২,১৩০
গ্রেড নং-১৭	১,১২৫	১১৩	১,২৩৮	৬৬০	১৫০	২,০৪৮
গ্রেড নং-১৮	১,০৫০	১০৫	১,১৫৫	৬৩৫	১৫০	১,৯৪০
গ্রেড নং-১৯	৯৭৫	৯৮	১,০৭৩	৫৯০	১৫০	১,৮১২
গ্রেড নং-২০	৯০০	৯০	৯৯০	৫৪৫	১৫০	১,৬৮৫

(১) বাড়ি ভাড়া : জাতীয় বেতন স্কেল, ১৯৯১-এর ১৫ নং অনুচ্ছেদ ব্যয়বহুল এলাকার জন্য নির্ধারিত হার মোতাবেক করা হয়েছে।

(২) উৎসব ভাতা/টিএ ডিএ : উৎসব ভাতা প্রদান এবং টিএ ডিএ নির্ধারণের ক্ষেত্রে উপরোক্ত ছকের ৪নং কলামে বর্ণিত বেতনকে মূল বেতন হিসাবে ধরা যেতে পারে।

(৩) আয়কর : আয়কর প্রদানের ক্ষেত্রে বর্তমানে প্রচলিত সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে।